নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪১২ ১৮ জানুয়ারি ২০২৬

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে গণভোট সচেতনতা বিষয়ক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে গণভোট সচেতনতা বিষয়ে কর্মশালা ২০২৬ অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (১৮ জানুয়ারি ২০২৬) দুপুরে নোবিপ্রবির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ইয়েস বাংলাদেশ সংগঠন কর্মশালার আয়োজন করে।

এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন আইসিই বিভাগের চেয়ারম্যান ড. আবিদুর রহমান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. শিবলুর রহমান, আইন বিভাগের চেয়ারম্যান ড. মো. সফি উল্ল্যাহ ও সহকারী অধ্যাপক জনাব সাজ্জাদুল করিম এবং ইয়েস এর সভাপতি মোক্তার এলাহি।

কর্মশালায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, সম্প্রতি চট্টগ্রামের আউটার স্টেডিয়ামে অনুষ্ঠিত জুলাই বিপ্লব বিষয়ক সভায় আমি অংশ নিই। সেখানে জুলাই সনদের বিষয়ে ৩৩টি দলের সমন্বিত সিদ্ধান্তের বিষয়ে বিষদ আলোজনা হয়। দীর্ঘদিন ধরে আমাদের একটা প্রজন্ম ভোট দেওয়া থেকে বঞ্চিত ছিলো, যা শুধুমাত্র সাংবিধানিক কিছু জটিলতার কারণে সম্ভব হয়েছে। তত্ত্বাবধায়ক সরকারসহ দেশের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে কোনো নির্দিষ্ট দল যেনো প্রভাব বিস্তার করতে না পারে সেজন্যই গণভোটের প্রয়োজন।

এ সময় তিনি আরও বলেন, দেশ ও জাতির স্বার্থে আমাদের 'হ্যাঁ' ভোট দেওয়া প্রয়োজন। দল-মত নির্বিশেষে সকলেরই উচিৎ গণভোটের পক্ষে 'হ্যাঁ' বলা। তিনি আমাদের, আমাদের সমাজের এবং আমাদের জাতীয় অধিকারের বিষয়ে সতর্ক থাকার বিষয়ে যুব সমাজের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, কর্মশালায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী সরকারি মহিলা কলেজসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪